UK Health Security Agency

NHS

# MenB টিকা দেওয়ার পরে জ্বর প্রতিরোধ ও চিকিৎসায় প্যারাসিটামলের ব্যবহার

### আমার সন্তান মাত্র MenB টিকা নিয়েছে, আমার এখন কী প্রত্যাশা করা উচিত?

যেকোনো টিকা দেওয়ার পরে জ্বর হওয়া স্বাভাবিক, তবে 8 ও 12 সপ্তাহ বয়সের সময় অন্যান্য নিয়মিত টিকার সাথে MenB ভ্যাকসিন (Bexsero) দেওয়া হলে জ্বর বেশি দেখা যায়। প্যারাসিটামল দেওয়া না হলে অর্ধেকেরও বেশি শিশুর এই টিকা দেওয়ার পরে তাপমাত্রা বৃদ্ধি পাবে। টিকা দেওয়ার প্রায় 6 ঘণ্টা পরে এই জ্বর আসে এবং প্রায় সবসময়ই 2 দিনের মধ্যেই সম্পূর্ণ কমে যায়। জ্বর প্রমাণ করে যে শিশুর ইমিউন সিস্টেম টিকার প্রতি সাড়া দিচ্ছে, যদিও জ্বরের মাত্রা প্রতিটি শিশুর উপর নির্ভর করে এবং টিকাটি আপনার শিশুকে কতটা ভালোভাবে রক্ষা করবে সেটি জ্বরের মাত্রা থেকে বুঝা যায় না।

### কীভাবে আমি জ্বরের ঝুঁকি কমাতে পারি?

টিকা প্রদানের পরপরই প্যারাসিটামল দেওয়ার মাধ্যমে – এবং জ্বর হওয়ার জন্য অপেক্ষা না করে – আপনার সন্তানের জ্বর হওয়ার ঝুঁকি কমানো যাবে। প্যারাসিটামল দিলে, 5 জনের মধ্যে 1 জনেরও কম শিশু জ্বরে আক্রান্ত হবে এবং তার প্রায় পুরোটাই হালকা (39 ডিগ্রি সেলসিয়াসের নিচে)। প্যারাসিটামল আপনার শিশুর খিটখিটে ভাব বা অস্বস্তিতে ভোগার সম্ভাবনাও কমিয়ে দেবে (যেমন ইনজেকশনের স্থানে ব্যথা)।

### কোন প্যারাসিটামল পণ্যটি আমি ব্যবহার করবো?

আপনি **শিশু প্যারাসিটামল সাসপেনশন ব্যবহার করবেন। শিশু ও কিশোরদেরকে খাওয়ানোর জন্য এই ধরনের প্যারাসিটামল সিরাপ হিসাবে পাওয়া যায়। এর শক্তি 120মিগ্রা/5মিলি।**

আপনার বাড়িতে যদি ইতোমধ্যে শিশুদের প্যারাসিটামল সাসপেনশন না থেকে থাকে, তাহলে আপনার স্থানীয় ফার্মেসি বা সুপারমার্কেট থেকে সেটি এনে রাখা উচিত যাতে টিকা দেওয়ার এক ঘণ্টার মধ্যে আপনি প্যারাসিটামলের প্রথম ডোজ দিতে পারেন। প্যারাসিটামলের বিভিন্ন পণ্য রয়েছে (বোতল ও স্যাশে সহ) তবে প্রয়োজনীয় ধরনটি হলো শিশু প্যারাসিটামল সাসপেনশন 120মিগ্রা/5মিলি।

(দ্রষ্টব্য: জুনিয়র প্যারাসিটামল (6 প্লাস) শিশুদের প্যারাসিটামল (250মিগ্রা/5মিলি) থেকে শক্তিশালী এবং শিশুদেরকে সেটি দেওয়া উচিত নয়।)

### কোন টিকাগুলোর পরে আমার সন্তানকে প্যারাসিটামল দিতে হবে?

MenB টিকা প্রয়োগের পর আপনার শিশুকে প্যারাসিটামল দেওয়ার পরামর্শ দেওয়া হয়। MenB টিকা সাধারণত 8 সপ্তাহ ও 12 সপ্তাহ বয়সে আপনার সন্তানের প্রথম ও দ্বিতীয় ইমিউনাইজেশন অ্যাপয়েন্টমেন্টের সময় দেওয়া হয়।

12 মাস বয়সে MenB বুস্টার ভ্যাকসিন দেওয়ার পরে নিয়মিত প্যারাসিটামল দেওয়ার প্রয়োজন হয় না। এই বয়সে শিশুর জ্বরের ঝুঁকি অন্যান্য টিকা প্রদানের পরের ঝুঁকির মতোই থাকে।

### কী পরিমাণ প্যারাসিটামল দেবো?

MenB টিকা দেওয়ার পর প্যারাসিটামলের 2.5মিলি (60মিগ্রা) এর মোট 3টি ডোজ প্রদানের পরামর্শ দেওয়া হয়। টিকা দেওয়ার সাথে সাথে বা তার পরে যথা দ্রুত সম্ভব প্যারাসিটামিলের প্রথম ডোজটি দিয়ে দেওয়া উচিত।

এরপর প্রায় 4 থেকে 6 ঘণ্টা পরে প্যারাসিটামলের দ্বিতীয় ডোজ এবং তার 4 থেকে 6 ঘণ্টা পরে তৃতীয় ডোজটি দিতে হবে (টেবিল দেখুন)।

2.5মিলি ডোজ পরিমাপ করে নিতে হবে এবং একটি সিরিঞ্জ বা 2.5মিলি চামচ দিয়ে সেটি দিতে হবে (এটি সাধারণত প্যাকের সাথে থাকা চামচের ছোট প্রান্ত)।

খুব অকালে জন্ম নেওয়া শিশুদের ক্ষেত্রে (গর্ভের 32 সপ্তাহের আগে জন্ম নেওয়া), আপনার ডাক্তার টিকা দেওয়ার সময় শিশুর ওজন অনুযায়ী প্যারাসিটামলের পরিমাণ নির্দেশ করবেন। আপনাকে ডাক্তারের সাথে আলোচনা করতে হবে এবং প্রেসক্রিপশনের নির্দেশনা অনুসরণ করতে হবে।

### প্রাথমিকভাবে MenB টিকা দেওয়ার পর শিশু প্যারাসিটামল সাসপেনশন (120মিগ্রা/5মিলি) এর ডোজ ও সময় (সাধারণত 8 ও 12 সপ্তাহ বয়সে)

| শিশুর বয়স | 6 মাস পর্যন্ত (সাধারণত 8 ও 12 সপ্তাহ বয়সে) |
|---|---|
| ডোজ 1 | টিকা দেওয়ার পর যথা দ্রুত সম্ভব 2.5মিলি (60মিগ্রা) এর এক ডোজ |
| ডোজ 2 | প্রথম ডোজ দেওয়ার 4 থেকে 6 ঘণ্টা পর 2.5মিলি (60মিগ্রা) এর আরেক ডোজ |
| ডোজ 3 | দ্বিতীয় ডোজ দেওয়ার 4 থেকে 6 ঘণ্টা পর 2.5মিলি (60মিগ্রা) এর আরেক ডোজ |

**আপনার সন্তানকে MenB টিকা দেওয়া হলে কেবল তখনই এই লিফলেটের পরামর্শ প্রযোজ্য হবে। যদি এ ছাড়া অন্য কোনো সময়ে আপনার সন্তানের জ্বর আসে তাহলে আপনাকে পণ্যের প্যাকেটের গায়ে ও রোগীর তথ্য লিফলেটে উল্লেখিত নির্দেশনা ও ডোজ সংক্রান্ত পরামর্শ অনুসরণ করতে হবে।**

### প্যারাসিটামলের 3টি ডোজ নেওয়ার পরেও যদি আমার সন্তানের জ্বর থেকে যায় তাহলে কী করব?

কিছু শিশু টিকা গ্রহণের পরে 3 ডোজ প্যারাসিটামল নিলেও জ্বরে আক্রান্ত হতে পারে। টিকা দেওয়ার পর 48 ঘণ্টার মধ্যে যদি আপনার সন্তানের জ্বর থেকে যায় কিন্তু অন্যথায় সে ভাল থাকে, তাহলে আপনি তাকে শিশু প্যারাসিটামল (120মিগ্রা/5মিলি) সাসপেনশনের 2.5মিলি (60মিগ্রা) এর একই ডোজ দেওয়া চালিয়ে যেতে পারেন।

- **ডোজগুলো কমপক্ষে 4 ঘণ্টা অন্তর দিতে হবে এবং 24 ঘণ্টার ভেতরে 4টির বেশি ডোজ দেওয়া যাবে না।**

আপনার সন্তানের শরীরে কাপড় বা কম্বলের অনেকগুলো স্তর নেই তা নিশ্চিত করার মাধ্যমে তাকে ঠাণ্ডা রাখতে হবে এবং তাকে প্রচুর তরল পান করাতে হবে। বুকের দুধের শিশু হলে মায়ের বুকের দুধই তার জন্য শ্রেষ্ঠ তরল।

- **যেকোনো সময় আপনার সন্তানের স্বাস্থ্য নিয়ে যদি আপনি উদ্বিগ্ন হন, তাহলে আপনার সহজাত প্রবৃত্তিকে গুরুত্ব দিয়ে পরামর্শের জন্য আপনার জিপির সাথে কথা বলুন অথবা ইংল্যান্ডে NHS 111 এবং ওয়েলসে 0845 46 47 নম্বরে ফোন করুন।**
- **টিকা দেওয়ার ৪৮ ঘণ্টা পরেও যদি আপনার সন্তানের জ্বর থাকে তাহলে পরামর্শের জন্য আপনার জিপির সাথে কথা বলুন অথবা ইংল্যান্ডে NHS 111 এবং ওয়েলসে 0845 46 47 নম্বরে ফোন করুন।**

## অন্যান্য সাধারণ প্রশ্ন:

### প্যারাসিটামল দেওয়ার জন্য কি আমি আমার সন্তানকে জাগাবো?

আপনার উচিত MenB টিকা দেওয়ার পর যথা দ্রুত সম্ভব প্যারাসিটামলের প্রথম ডোজটি দিয়ে দেওয়া। তবে, পরের ডোজগুলো দেওয়ার সময় যদি আপনার সন্তান ঘুমে থাকে, তাহলে তাকে জাগাবেন না। কম পক্ষে 4 ঘণ্টা সময় মাঝখানে থাকলে সে ঘুম থেকে উঠার পর তাকে ঐ ডোজগুলো দেওয়া যাবে।

### ছোট শিশুদের জন্য কি প্যারাসিটামল সেবন করা ঠিক আছে?

2 মাস ও তার অধিক বয়সী শিশুদের জ্বর কমানোর জন্য প্যারাসিটামলের ব্যবহার অনুমোদিত। প্যাকের সাথে থাকা রোগীর তথ্য লিফলেটে হয়ত বলা আছে যে ডাক্তার বা ফার্মাসিস্টের সাথে কথা বলার আগে 2 থেকে 3 মাস বয়সী বাচ্চাদেরকে শুধুমাত্র 2 ডোজ প্যারাসিটামল দেওয়া যাবে।

যদিও খুব ছোট বাচ্চাদের জন্য প্যারাসিটামল নিরাপদ, তবে প্যাকেজিং-এর পরামর্শ দেওয়া হয় যাতে জ্বরের কারণ অজানা থাকলে বাবা-মা আক্রান্ত শিশুকে প্যারাসিটামল দেওয়া এড়িয়ে চলেন। এই ধরনের জ্বর কোনো গুরুতর সংক্রমণের লক্ষণ হতে পারে এবং খুব দীর্ঘ সময় ধরে এভাবে এর চিকিৎসা করতে থাকলে চিকিৎসা সহায়তা নিতে বাবা-মার বিলম্ব হয়ে যেতে পারে।

যেহেতু টিকা গ্রহণের পরে জ্বর হওয়া স্বাভাবিক, বিশেষজ্ঞরা বলেছেন যে MenB টিকা দেওয়ার পরে 48 ঘণ্টা পর্যন্ত ডাক্তারের পরামর্শ ছাড়াই প্যারাসিটামল দেওয়া যায়। এই সময়ে কোনো সংক্রমণের চেয়ে টিকার কারণেই জ্বর হওয়ার সম্ভাবনা বেশি। প্যারাসিটামল খেলে আপনার সন্তান ভালোও অনুভব করবে এবং আপনি যদি 24 ঘণ্টার মধ্যে 2.5মিলি-এর 4টির বেশি ডোজ না দেন, তাহলে ওভার-ডোজ হওয়ার ঝুঁকিও থাকবে না।

### প্রস্তুতকারকের রোগীর তথ্য লিফলেটের (PIL) তথ্য ভিন্ন কেন?

আপনি যে প্যারাসিটামল কিনবেন তার সাথে একটি রোগীর তথ্য লিফলেট (PIL) পাবেন। শিশুদের প্যারাসিটামল সাসপেনশন 120মিগ্রা/5মিলি এর সাথে থাকা PIL-এ ডোজ সংক্রান্ত যে তথ্য থাকে তা MenB টিকা সংক্রান্ত বিশেষজ্ঞ পরামর্শের থেকে ভিন্ন হতে পারে। এখানে, এই লিফলেটে, আমরা MenB টিকার পরে প্যারাসিটামলের ব্যবহার সম্পর্কে সুনির্দিষ্ট ও বিস্তারিত পরামর্শ দেবো। প্যারাসিটামল পণ্য সম্পর্কে পূর্ণ তথ্যের জন্য অনুগ্রহ করে প্রস্তুতকারকের PIL দেখুন।

### আমার সন্তানের 12 মাস বয়সে বুস্টার টিকা নিলেও কি প্যারাসিটামল দেওয়ার প্রয়োজন হবে?

আপনার সন্তানের 12 মাস বয়সে MenB টিকার কারণে জ্বর হওয়ার ঝুঁকি অন্যান্য টিকার মতোই একই রকম। সুতরাং, সন্তানের নিয়মিত 12 মাসের টিকা গ্রহণের পর তাকে 3 ডোজ প্যারাসিটামল খেতে হবে না। তবে, যদি আপনার সন্তানের বাড়িতে জ্বর হয় বা অস্বস্তি হয় বলে মনে করেন, তখন আপনি প্যাকেটে নির্দেশিত নির্দেশনা অনুযায়ী ঐ বয়সী শিশুদের জন্য প্রযোজ্য ডোজ শিডিউল ব্যবহার করে তাকে শিশু প্যারাসিটামল দিতে পারেন।

**শুধুমাত্র শিশুর MenB টিকা নেওয়ার পরেই 2 থেকে 3 মাস বয়সী শিশুদের 2টির বেশি ডোজ প্যারাসিটামল দেওয়ার পরামর্শটি প্রযোজ্য। যদি অন্য কোনো সময় আপনার সন্তানের জ্বর হয়, তাহলে আপনাকে পণ্যের প্যাকেজিং ও রোগীর তথ্য লিফলেটের নির্দেশনা ও ডোজ সংক্রান্ত পরামর্শ অনুসরণ করতে হবে।**

NHS

**www.nhs.uk/vaccinations**

© Crown copyright 2025. Version 4. UK Health Security gateway number: 2025-139. Product code: 3083756BEN Bengali. 50K SEP 2025 (APS)
To order more copies of this asset, please visit: **www.healthpublications.gov.uk** or call 0300 123 1002.